# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 28 June, 2025

পিরোজপুরের ইন্দুরকানীতে পারিবারিক বিরোধ ও পরকীয়ার জের ধরে এক ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্য মো. শহিদুল ইসলাম হাওলাদার (৫০) এবং তার ভাবি মুকুল বেগম (৪৫) কে কুপিয়ে হত্যা করা হয়েছে।একই ঘটনায় শহিদুলের স্ত্রী রেহেনা বেগম (৪২) গুরুতর আহত হয়েছেন এবং বর্তমানে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

শুক্রবার (২৭ জুন) রাত ১১টার দিকে উপজেলার ৫ নম্বর চন্ডিপুর ইউনিয়নের পশ্চিম চরবলেশ্বর গ্রামে সৌদি প্রবাসী ইউনুস হাওলাদারের নেতৃত্বে চার থেকে পাঁচজন হামলা চালায়। তারা এলোপাথাড়িভাবে শহিদুল ও মুকুলকে কুপিয়ে ঘটনাস্থলেই হত্যা করে। রেহেনাকে গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে প্রথমে পিরোজপুর জেলা হাসপাতালে নেন, পরে উন্নত চিকিৎসার জন্য খুলনা মেডিকেল কলেজে স্থানান্তর করা হয়।

স্থানীয়রা জানিয়েছেন, দীর্ঘদিন ধরে প্রবাসী ইউনুসের স্ত্রীর সঙ্গে শহিদুলের ঘনিষ্ঠতা ও পারিবারিক বিরোধ চলছিল, যা এই হত্যাকাণ্ডের মূল কারণ বলে ধারণা করা হচ্ছে।

ইন্দুরকানী থানার ওসি মো. মারুফ হোসেন জানিয়েছেন, পরকীয়ার কারণেই এই ঘটনা ঘটতে পারে। একজনকে আটক করা হয়েছে এবং ময়নাতদন্তের জন্য লাশ পিরোজপুর সদর হাসপাতাল মর্গে পাঠানো হবে।মামলার প্রস্তুতি চলছে।

কুপিয়ে হত্যা ইউনিয়ন পরিষদ সদস্য পিরোজপুর ইন্দুরকানী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:31

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073853